

যুগান্তর

প্রিন্ট: ২৯ জুলাই ২০২৫, ১২:১১ পিএম

শিক্ষার্থী

ডাকসু নির্বাচনের তফশিল ঘোষণা আজ



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ২৯ জুলাই ২০২৫, ১১:৫৩ এএম



ছবি: সংগ্রহীত

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনের তফশিল মঙ্গলবার (১৯ জুলাই) ঘোষণা করা হবে। একই সঙ্গে ১৮টি হল সংসদ নির্বাচনের তফশিলও ঘোষণা হবে বলে গণমাধ্যমকে নিশ্চিত করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) গণসংযোগ কর্মকর্তা রফিকুল ইসলাম খান পান্না।

এর আগে ডাকসু নির্বাচনের জন্য বিশ্ববিদ্যালয়ের উন্নিদিবিজ্ঞান বিভাগের অধ্যাপক মোহাম্মদ জসীম উদ্দিনকে প্রধান করে ১০ জন রিটার্নিং কর্মকর্তা নিয়োগ দেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। সেই ১০ জনের পক্ষ থেকে নির্বাচনি তফশিল ঘোষণা করার কথা।

গত সপ্তাহে এক সংবাদ সম্মেলনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য জানান, ইতিহাসে প্রথমবারের মতো আবাসিক হলের বাইরে মোট ৬ টি কেন্দ্রে হবে ডাকসু নির্বাচন।

সর্বশেষ ২০১৯-২০ সেশনের শিক্ষার্থী থেকে বর্তমান শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা ডাকসু নির্বাচনের প্রার্থী ও ভোটার হতে পারবেন। এর আগে সর্বশেষ ডাকসু নির্বাচন হয় ২০১৯ সালে।